**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date : 11-08-2025**
**Time: 07.35-07.40 AM Hrs**
**BENGALI MORNING BULLETIN**

---

**MP HousingComplex :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ নয়াদিল্লির বাবা খড়ক সিং মার্গে সংসদ সদস্যদের জন্য ১৮৪টি নবনির্মিত টাইপ-7 বহুতল ফ্ল্যাটের উদ্বোধন করবেন। এই উপলক্ষে, প্রধানমন্ত্রী আবাসিক প্রাঙ্গণে একটি সিঁদুর গাছও রোপণ করবেন, শ্রমজীবীদের সঙ্গে মতবিনিময় করবেন এবং সমাবেশে ভাষণ দেবেন। প্রধানমন্ত্রীর কার্যালয়ের এক বিবৃতিতে জানানো হয়েছে, প্রতিটি আবাসিক ইউনিটে প্রায় পাঁচ হাজার বর্গফুট কার্পেট এলাকা রয়েছে। উল্লেখ্য, প্রতিটি ভবন ভূমিকম্প-প্রতিরোধী প্রযুক্তিতে নির্মিত।

*******************

**CM Massage- Har Ghar Tiranga :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা হর ঘর তিরঙ্গা কর্মসূচীকে সারা রাজ্যে সফল করার জন্য রাজ্যবাসীর প্রতি আহবান জানিয়েছেন।

গতকাল আগরতলায় সাংবাদিকদের বলেন, দুই বছর আগে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী হরঘর তিরঙ্গা কর্মসূচী শুরু  করেছিলেন। যারা দেশের স্বাধীনতা ও সার্বভৌমত্ব রক্ষার জন্য আত্মবলিদান করেছেন তাদের প্রতি সম্মান জানানোর লক্ষে এই কর্মসূচী পালিত হয়ে আসছে। রাজ্যেও তিনটি পর্যায়ে এই কর্মসূচী পালিত হচ্ছে। আগামী ১৫ আগস্ট স্বাধীনতা দিবস উপলক্ষে রাজ্যের প্রতিটি ঘরে জাতীয় পতাকা উত্তোলন করার আহবান জানিয়েছেন তিনি।

********************

**PM Train :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ভারতবাসীর সক্রিয় সমর্থনে ২০৪৭ সালের মধ্যে বিকশিত ভারতকে সম্ভব করে তোলার লক্ষ্যে তাঁর সরকারের অভিপ্রায়ের উপর গতকাল জোর দিয়েছেন। বেঙ্গালুরুতে নাম্মা মেট্রোর তৃতীয় পর্যায়ের উদ্বোধনের পর ভাষণে তিনি সংস্কার, কর্মক্ষমতা এবং রূপান্তরের মাধ্যমে ভারতকে একটি উন্নত দেশে পরিণত করার জন্য তাঁর সরকারের গৃহীত পদক্ষেপগুলির তালিকা তুলে ধরে বলেন, এখন ভারতীয় অর্থনীতি পঞ্চম বৃহত্তম এবং দ্রুততম অর্থনীতি, মেট্রো রেল পাঁচটি শহর থেকে ২৪টি শহরে উন্নীত হয়েছে এবং মেট্রো নেটওয়ার্কের দিক থেকে বিশ্বব্যাপী তৃতীয় বৃহত্তম। এর আগে, প্রধানমন্ত্রী বেঙ্গালুরুতে

প্রায় ২২,৮০০ কোটি টাকা মূল্যের মেট্রো প্রকল্পের উদ্বোধন এবং ভিত্তিপ্রস্তর স্থাপন করেন।

#######BYTE PM###########

*****************

**CJI- NAHARLAGUN :**

ভারতের প্রধান বিচারপতি বি.আর. গাভাই বলেছেন, দেশের প্রান্তিকতম নাগরিকের কাছে ন্যায়বিচার পৌঁছে দেওয়ার জন্য বিচার বিভাগ, প্রশাসনিক বিভাগ এবং আইনসভা সক্রিয় আছে। এই স্তম্ভগুলির মধ্যে এক সুসংহত এবং সমন্বিত প্রয়াসের প্রয়োজনীয়তার উপর জোর দিয়ে তিনি বলেন, যত তাড়াতাড়ি সম্ভব এবং সবচেয়ে কম খরচে ন্যায়বিচার নিশ্চিত করার জন্য প্রতিটি পদক্ষেপ নেওয়া উচিত। গতকাল তিনি নাহারলাগুনে গৌহাটি হাইকোর্টের ইটানগর স্থায়ী বেঞ্চের নবনির্মিত আদালত ভবন উদ্বোধনের পর একথা বলেন| ভারতের প্রধান বিচারপতি বলেন, কেবল ভারতীয় সংবিধানের শক্তির দ্বারাই সেটা সম্ভব। তিনি আরও বলেন, উত্তর-পূর্ব ভারতের অন্যতম গুরুত্বপূর্ণ অংশ এবং সংবিধান এই অঞ্চলের আদিবাসী সম্প্রদায়গুলিকে সংরক্ষণ এবং সুরক্ষার জন্য বিশেষ বিধান প্রদান করে।

******************

## Maan-Ki-Baat :

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ৩১-শে আগস্ট, রবিবার সকাল ১১টায় আকাশবাণীর ‘মন-কি-বাত’ অনুষ্ঠানে দেশ-বিদেশের জনগনের সঙ্গে মতবিনিময় করবেন| এটি হবে ‘মন-কি-বাত’-এর ১২৫তম পর্ব| বেলা ১১-টা থেকে আকাশবাণী এবং দূরদর্শনের সবকটি চ্যানেল এবং আকাশবাণীর নিউজ অন এ.আই.আর. ওয়েবসাইট, মোবাইল অ্যাপ, প্রধানমন্ত্রীর দফতর, তথ্য ও সম্প্রচারমন্ত্রকের ওয়েবসাইট ও ইউটিউব চ্যানেলেও “মন-কি-বাত” সম্প্রচারিত হবে। হিন্দিতে এই অনুষ্ঠান সম্প্রচারিত হবার পরেই আঞ্চলিক ভাষায় এর তর্জমা শোনা যাবে।নিঃশুল্ক নম্বর ১৮00-১১-৭৮00 নম্বরে ম্যাসেজ করে কিংবা মাই গভ বা নমো অ্যাপে মতামত জানানো যাবে।

***************

## Upendra Dwivedi on Operation Sindoor :

ভারতীয় স্থলসেনা প্রধান জেনারেল উপেন্দ্র দ্বিবেদী অপারেশন সিন্দুরকে সামরিকভাবে নির্ভুল এবং রাজনৈতিকভাবে স্পষ্ট একটি কৌশলগত, উচ্চ-স্তরের মিশন হিসেবে বর্ণনা করেছেন। গতকাল আইআইটি মাদ্রাজের ছাত্র এবং শিক্ষক শিক্ষিকাদের উদ্দেশে তিনি

জানান, কীভাবে এই অভিযানের পরিকল্পনা এবং বাস্তবায়ন করা হয়েছিল। অপারেশনের পরিকল্পনা এবং বাস্তবায়ন সম্পর্কে তিনি বলেন, তিন বাহিনীর প্রধানই একমত ছিলেন, যে নির্ণায়ক পদক্ষেপ নেওয়া প্রয়োজন এবং তাদের পথ নির্ধারণের জন্য সম্পূর্ণ স্বাধীনতা দেওয়া হয়েছিল ।তিনি বলেন, এই ধরণের রাজনৈতিক দিকনির্দেশনা এবং স্পষ্টতা প্রথমবারের মতো বাহিনী প্রত্যক্ষ করেছে।

**********************

**Swadeshi Jagaran Mancha :**

বিদেশি পণ্য ত্যাগ করে স্বদেশী পণ্য গ্রহণের আহ্বান জানিয়ে গতকাল আগরতলা দূর্গাচৌমুহনি বাজারে এক সচেতনতা সভা আয়োজন করে স্বদেশী জাগরণ মঞ্চ। সংস্থার সদস্যরা পথ চলতি মানুষ ও স্থানীয় দোকানদারদের হাতে লিফলেট তুলে দিয়ে স্বদেশী পণ্যের উপকারিতা ও দেশীয় শিল্পের উন্নয়নে এর ভূমিকা সম্পর্কে সচেতন করেন। সংস্থার মহানগর সংগঠক ইন্দ্রজিত দেব বলেন, বিদেশি পণ্যের ব্যবহার কমিয়ে স্বদেশী

পণ্য গ্রহণ করলে দেশের অর্থনীতি শক্তিশালী হবে এবং স্থানীয় কর্মসংস্থান বাড়বে।

*******************

**FIRST DIVISION :**

ত্রিপুরা ফুটবল এসোসিয়েশন পরিচালিত চন্দ্র স্মৃতি ঘরোয়া প্রথম ডিভিশন লিগ ফুটবল প্রতিযোগিতার গতরাতের খেলায় রামকৃষ্ণ ক্লাব জয়লাভ করেছে। উমাকান্ত মিনি স্টেডিয়ামে অনুষ্ঠিত খেলায় রামকৃষ্ণ ক্লাব ২-0 গোলে টাউন ক্লাবকে হারিয়ে দেয়।

*******************

**Weather :**

আজ আকাশ সাধারণত মেঘাচ্ছন্ন থাকবে| রাজ্যের সমস্ত জেলার কিছু কিছু জায়গায় বজ্র-বিদ্যুত সহ বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে| আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩৩ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৭ ডিগ্রি

সেলসিয়াস এর কাছাকাছি থাকতে পারে। ভোরের সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৭.১ ডিগ্রী সেলসিয়াস |

***************

***************